

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, গোপালগঞ্জ।

পত্র সংখ্যা - ১২.১৭.৩৫০০.০৪১.৯৯.০০২.২৩-১১৮০

তারিখ : ২০/১১/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ কৃষকদেরকে ইঁদুর নিধনে বৈদ্যুতিক শক ব্যবহার করা থেকে বিরত রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আমন ধানসহ সকল প্রকার মাঠ ফসলের ক্ষেত্রে ইঁদুরের উপদ্রব বেশি হওয়ায় কোন কোন এলাকার কৃষকগণ ইঁদুর নিধনে বৈদ্যুতিক শক ব্যবহার করছে যার ফলে বিদ্যুতায়িত হয়ে মানুষের মৃত্যুর ঘটনাও ঘটছে, বিষয়টি অত্যন্ত উদ্বেগজনক। মানুষের প্রাণনাশকারী এই ভয়ংকর পদ্ধতিটি যাতে কৃষক ব্যবহার না করে সে ব্যাপারে তাদের সতর্ক করতে হবে মর্মে জেলা সমন্বয় সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সুতরাং বৈদ্যুতিক শক পদ্ধতিটি ব্যবহার না করার জন্য কৃষকদেরকে সর্বোচ্চ সতর্ক থাকার পরামর্শ প্রদান করার লক্ষ্যে মাঠ পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তাদের নির্দেশ প্রদান করা হলো। বিষয়টি অত্যন্ত জরুরী।

উপজেলা কৃষি অফিসার
গোপালগঞ্জ সদর/ মুকসুদপুর/ কাশিয়ানী/কোটালীপাড়া/টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।




আঃ কাদের সরদার
উপপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, গোপালগঞ্জ

টেলিফোন : ০২৪৭৮৮২১১০৩

E-mail : ddaegopal@gmail.com



অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে।

- ১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর।
- ২। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ৩। অতিরিক্ত উপপরিচালক (পি.পি) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, গোপালগঞ্জ।
- ৪। অফিস নথি।